


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা
www.bbs.gov.bd


২০/০৪/২০১৮
মোহাম্মদ

নং-৫২.০১.০০০০.১০২.৬২.০৩৫.৮৪-

তারিখ: চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ
এপ্রিল, ২০১৮ খ্রিস্টাব্দ

প্রাপক: বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক
বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়
রংপুর।

বিষয়: শ্বেচ্ছায় অবসর-উত্তর ছুটি (পিআরএল) ও লাম্পগ্র্যান্ট মঞ্জুরী।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস উইং এর আওতাধীন রংপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের অফিস সহায়ক জনাব মো: রিয়াজুল ইসলামকে তার ২৮-০২-২০১৮ তারিখের আবেদনের প্রেক্ষিতে চাকুরী ২৫ (পঁচিশ) বছর পূর্ণ হওয়ায় গণকর্মচারী অবসর আইন ১৯৭৪ এর ৯(১) ধারা এবং ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১)(বি)(II) ধারা এবং চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০০৫ এর ৬(১৩) উপ অনুচ্ছেদ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/ প্রবি-১/চাঃবিঃ- ৩/২০১০(অংশ-৩) ৬২ তারিখ ০৬ এপ্রিল, ২০১০ মোতাবেক ৩১-০৩-২০১৮ তারিখে শ্বেচ্ছায় চাকুরী হতে অবসর এবং ০১-০৪-২০১৮ হতে ৩১-০৩-২০১৯ তারিখ পর্যন্ত ১২ (বারো) মাসের পূর্ণ বেতনে অর্জিত ছুটিকে অবসর-উত্তর ছুটি (পিআরএল) হিসেবে মঞ্জুর করা হলো।

০২। বর্ণিত অবসর-উত্তর ছুটি (পিআরএল) বাদে তার অতিরিক্ত পাওনা ১১ (এগারো) মাস ২২ (বাইশ) দিন পূর্ণ গড়বেতনে অর্জিত ছুটি এবং ০৩ (তিন) বছর ০১ (এক) মাস ১২ (বারো) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটিকে পূর্ণ বেতনে রূপান্তরিত করে ১১ (এগারো) মাস ২২ (বাইশ) দিন + ০১ (এক) বছর ০৬ (ছয়) মাস ২১ (একুশ) দিন = ০২ (দুই) বছর ০৬ (ছয়) মাস ১৩ (তেরো) দিন ছুটি হতে সর্বোচ্চ ১৮ (আঠারো) মাসের ছুটির বিনিময়ে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮২, তারিখ: ১৪ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ/২৯ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক ইএলপিসি অনুযায়ী তার সর্বশেষ আহরিত মূল বেতন ১৪,৭২০/- (চৌদ্দ হাজার সাতশত বিশ) টাকা হারে টাকা হারে তাকে সর্বমোট (১৪,৭২০x১৮) = ২,৬৪,৯৬০/- (দুই লক্ষ চৌষাট্টি হাজার নয়শত ষাট) টাকা মাত্র লাম্পগ্র্যান্ট হিসেবে মঞ্জুর করা হলো।

০৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ মঞ্জুরী আদেশ জারি করা হলো।

স্বা।

মোহাম্মদ আবদুল কাদির মিয়া
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৮১৮১৪২১
e-mail: makm_fyff@yahoo.com

নং-৫২.০১.০০০০.১০২.৬২.০৩৫.৮৪- ৫০৬

তারিখ: ২৮ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ
০৭ এপ্রিল, ২০১৮ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- (১) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রংপুর।
- (২) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, রংপুর।
- (৩) প্রোগ্রামার, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
- (৪) আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- (৫) জনাব মো: রিয়াজুল ইসলাম, অফিস সহায়ক, জেলা পরিসংখ্যান কার্যালয়, রংপুর।
- (৬) অফিস কপি/ব্যক্তিগত নথি।

